তারিখ ... 06 JUN 2016...
পৃষ্ঠা ...২..৯... কলাম ...৬... ......

যুগান্তর

# এ বছরই পিইসি পরীক্ষা বাতিলের দাবিতে স্মারকলিপি

**যুগান্তর রিপোর্ট**

এ বছর থেকেই ৫ম শ্রেণীর শিক্ষা সমাপনী পরীক্ষা (পিইসি) বাতিলের দাবিতে রোববার প্রধানমন্ত্রীকে স্মারকলিপি দিয়েছে অভিভাবক ঐক্য ফোরাম। বেলা ১১টায় পরীক্ষার্থী ও অভিভাবকদের পক্ষ থেকে ফোরামের সভাপতি জিয়াউল কবির দুলু স্বাক্ষরিত এ স্মারকলিপি প্রধানমন্ত্রীর কার্যালয়ে হস্তান্তর করা হয়। স্মারকলিপিতে প্রধানমন্ত্রীকে শিক্ষা ব্যবস্থার বৈপ্লবিক সংস্কারক আখ্যা দিয়ে ২০০৯ সালে চালু হওয়া ৫ম শ্রেণীর প্রাথমিক শিক্ষা সমাপনী পরীক্ষা ২০১৭ সাল থেকে বাতিল করার সরকারি ঘোষণাকে সাধুবাদ জানানো হয়। স্মারকলিপিতে উল্লেখ করা হয়, একদিকে কোচিং বাণিজ্যের ফাঁদ অপরদিকে জিপিএ-৫ পাওয়া না পাওয়ার দুঃসহ যাতনায় ২০১৬ সালের ৫ম শ্রেণীর সমাপনী পরীক্ষার্থীদের সঙ্গে অভিভাবকরা উদ্বিগ্ন। এ অবস্থা কেবল প্রধানমন্ত্রীর কোমল মায়াময় হৃদয় দিয়ে অনুধাবন করা সম্ভব।

স্মারকলিপিতে প্রশ্ন রেখে বলা হয়, শুধু প্রাথমিক শিক্ষা সমাপনী পরীক্ষার একটি সনদের জন্য কোমলমতি ৫ম শ্রেণীর শিক্ষার্থীরা কতবার পিইসি পরীক্ষা দিবে? কেননা ২০১৬ সালে যারা ৫ম শ্রেণীর পিইসি পরীক্ষার্থী, তারাই আবার ২০১৯ সালে ৮ম শ্রেণীতে পিইসি পরীক্ষায় অংশ নেবে। এ অবস্থায় পিইসি পরীক্ষা ২০১৬ সাল থেকেই বাতিলের নির্দেশনা দিতে প্রধানমন্ত্রীর কাছে এ স্মারকলিপি দেয়া হয়।